

## ২৫ দিনের ছুটি শেষে আজ ঢাবি খুলছে নিয়মিত ক্লাস ও পরীক্ষা নিয়ে সংশয় ছাত্র-শিক্ষকদের মুক্তি দাবি করে সাদা দলের স্মারকলিপি

22  
firan

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥

টানা ২৫ দিনের ইস্তফা, বড়দিন এবং শীতকালীন ছুটি শেষে আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। বিশ্ববিদ্যালয় খোলাকে কেন্দ্র করে ক্যাম্পাসের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে। তবে ক্যাম্পাস খোলার প্রথমদিন থেকে নিয়মিত ক্লাস ও পরীক্ষা শুরু নিয়ে সংশয় রয়েছে। কারাবন্দি ছাত্র-শিক্ষকের মুক্তি ইস্যুতে ছাত্র-শিক্ষকদের কালো ব্যাজ ধারণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির ফলে ক্যাম্পাসে ফের অস্থিতিশীল পরিস্থিতির (২য় পৃঃ ৬-এর কঃ ৫ঃ)

### ২৫ দিনের ছুটি

(প্রথম পৃঃ পর)

সৃষ্টি হতে পারে। এদিকে গতকাল সোমবার বিএনপি'র সাদা দলের শিক্ষকরা দ্রুত ছাত্র-শিক্ষকদের মুক্তির দাবিতে বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এস.এম.এ. ফারুককে স্মারকলিপি দিয়েছেন।

দীর্ঘদিন পর ক্যাম্পাস খুললেও স্বাভাবিক শিক্ষা কার্যক্রম বজায় রাখা নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে। সোমবার বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এস.এম. আকাশ স্বাক্ষরিত এক বিবৃতিতে ছাত্র-শিক্ষকের মুক্তির জন্য আজ সাধারণ শিক্ষকদের কালো ব্যাজ ধারণ করে ক্লাস নেয়ার আহ্বান জানানো হয়েছে। আশাশীতল বুধবার সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত অপর্যবেক্ষিত কালো পাদদেশে শিক্ষকদের মৌন অবস্থান কর্মসূচি দেয়া হয়। অধ্যাপক আকাশ বলেন, আন্দোলনের দুইটি শান্তিপূর্ণ কর্মসূচি গ্রহণের পরে শিক্ষক সমিতির গত সাধারণ সভায় ঐকমত্যে স্থাপিত হয়। একই ইস্যুতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বিদ্যেধী ছাত্র-ছাত্রীরাও কালো ব্যাজ ধারণ কর্মসূচি পালন করবে। এ ছাড়াও নীশ দলের শিক্ষকরা শিক্ষক সমিতির তলবী সভা থেকে কর্মসূচি নেয়ার প্রতীতি নিচ্ছেন। তবে সাধারণ শিক্ষক ছাত্রদের কালো ব্যাজ ধারণ কর্মসূচিতে অনেকের অনাম্মত দেখা গেছে। সাদা দলের শিক্ষকরা ইতিমধ্যে কর্মসূচির বিপক্ষে অবস্থান নিয়েছে। ভিসির সঙ্গে দেখা করে সাদা দলের শিক্ষকরা ক্যাম্পাসের বর্তমান পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন। সাদা দলের শিক্ষকরা স্মারকলিপিতে উল্লেখ করেন, পিটার স্ট্রী পরিবেশ বজায় রাখার স্বার্থে ছাত্র-শিক্ষকদের সম্মানজনক মুক্তি দানের বিকল্প নেই।

ভিসির সঙ্গে সাক্ষাৎের সময় উপস্থিত ছিলেন: সাদা দলের ভারপ্রাপ্ত আহ্বায়ক অধ্যাপক আমিনুর রহমান মজুমদার, অধ্যাপক আকতার হোসেন খান, অধ্যাপক মোজাম্মেল হক, অধ্যাপক বোরহান উদ্দিন খান, অধ্যাপক মাহমুদ আহমেদসহ অর্ধশতাধিক শিক্ষক।

বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এস.এম.এ. ফারুক বলেন, কারাবন্দি ছাত্র-শিক্ষক ও ক্যাম্পাস পরিস্থিতি নিয়ে আলোচনা হয়। আইনী প্রক্রিয়ার মাধ্যমে শিগগির ছাত্র-শিক্ষকদের মুক্তি পাবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

অধিকন্তু ছাত্র শিক্ষকদের মুক্তি দাবি

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের নেতৃবৃন্দ গতকাল এক বিবৃতিতে অবিলম্বে ছাত্র-শিক্ষকদের মুক্তির দাবি জানিয়েছে। তারা বলেন, ক্যাম্পাসের শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ নিশ্চিত করার জন্য ছাত্র-শিক্ষকের মুক্তি অপরিহার্য। বিবৃতিদাতারা বলেন: ছাত্র সংগ্রাম পরিষদের সমন্বিত মাহমুদ হাসান রিপন, আবুল কালাম আজাদ, পরিফুল কবির হপন, সাজ্জাদ হোসেন প্রমুখ।